10 MINUTE SCHOOL

বাংলা

# প্রকৃতি ও প্রত্যয়

# প্রকৃতি ও প্রত্যয়

## প্রকৃতি

কোনো মৌলিক শব্দের যে অংশকে আর কোনোভাবেই বিভক্ত বা বিশ্লেষণ করা যায় না, তাকে প্রকৃতি বলে। কোনো পদ বা শব্দ থেকে যদি প্রত্যয় ও বিভক্তি সরিয়ে নেওয়া যায়, তাহলে যে অংশ পাওয়া যায়, তাকেও প্রকৃতি বলে। যেমন- চলা। এখানে √চল্ হল ধাতু বা প্রকৃতি, আর প্রত্যয় হল 'আ'।

প্রকৃতি ২ ধরনের। যথাঃ

**ক) নামপ্রকৃতি বা প্রাতিপদিকঃ**

বিভক্তিহীন নামশব্দকে প্রাতিপদিক বলে। উদাহরণঃ জল, মুখ, পা ইত্যাদি।

**খ) ক্রিয়াপ্রকৃতি বা প্রকৃতিঃ**

ক্রিয়ামূল বা ধাতুকে বলা হয় ক্রিয়াপ্রকৃতি বা প্রকৃতি। উদাহরণঃ √কর, √ধর, √খা।

## প্রত্যয়

ধাতুর বা ক্রিয়ামূল বা শব্দের পরে যে শব্দখন্ড যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে তাকে প্রত্যয় বলে। যেমনঃ √চল+আ=চলা। এখানে মূল ক্রিয়াপদ হল 'চল' এবং প্রত্যয় হল 'আ'। তেমনি, ঢাকা+আই = ঢাকাই; দুল+অনা = দুলনা।

প্রত্যয়ের নিজস্ব কোনো অর্থ নেই। তবে প্রত্যয় যুক্ত হওয়ার পরে অনেক সময় শব্দের অর্থ ও শ্রেনিপরিচয় পরিবর্তন হয়ে যায়। উপসর্গের সঙ্গে প্রত্যয়ের পার্থক্য হল- উপসর্গ থাকে সামনে, প্রত্যয় থাকে পেছনে।

প্রত্যয় ২ প্রকার।

১। ধাতুপ্রত্যয় বা কৃৎপ্রত্যয়

২। শব্দপ্রত্যয় বা তদ্ধিতপ্রত্যয়।

** শব্দের পরে যেসব প্রত্যয় যুক্ত হয়, সেগুলোকে তদ্ধিত প্রত্যয় বলে। তদ্ধিত প্রত্যয় দিয়ে সাধিত শব্দকে বলে তদ্ধিতান্ত শব্দ। যেমনঃ পঠ+অক = পাঠক, দিন+ইক=দৈনিক। এখানে 'অক' ও 'ইক' হল তদ্ধিত প্রত্যয় এবং 'পাঠক' ও দৈনিক হল তদ্ধিতান্ত শব্দ।

বাংলা ভাষায় তিন ধরনের তদ্ধিত প্রত্যয়ের ব্যবহার আছে।

**ক) বাংলা তদ্ধিত প্রত্যয় :**

বাংলা ভাষায় ব্যবহৃত সংস্কৃত ও বিদেশি প্রত্যয় ব্যতীত বাকি প্রত্যয়গুলোকে বাংলা তদ্ধিত প্রত্যয় বলে। যেমন : থাল + আ = থালা, চোর + আই = চোরাই ইত্যাদি।

**খ) সংস্কৃত তদ্ধিত প্রত্যয় :**

সংস্কৃত বা তৎসম শব্দের পরে যে প্রত্যয় যুক্ত হয়ে নতুন শব্দ গঠিত হয় তাকে সংস্কৃত তদ্ধিত প্রত্যয় বলে। যেমন : অণু + ইক (ষ্ণিক্) = আণবিক, পুষ্প + ইত =পুষ্পিত ইত্যাদি।

**গ) বিদেশি তদ্ধিত প্রত্যয় :**

শব্দের পরে যে-সব বিদেশি প্রত্যয় যুক্ত হয়ে নতুন শব্দ গঠিত হয় সেগুলোকে বিদেশি তদ্ধিত প্রত্যয় বলে। বাংলা শব্দসম্ভারে বিদেশি তদ্ধিত প্রত্যয়ের দু রকম ব্যবহার দেখা যায়। যেমন:

**১। বিদেশি শব্দ + বিদেশি প্রত্যয় = বিদেশি শব্দ**

যেমন : মুসাফির + খানা = মুসাফিরখানা, বিবি + আনা = বিবিয়ানা ইত্যাদি ।

**২। বাংলা বা সংস্কৃত শব্দ + বিদেশি প্রত্যয় = মিশ্র শব্দ**

যেমন : চলন + সই = চলনসই, অংশী + দার = অংশীদার ইত্যাদি।

• ধাতুর পরে যেসব প্রত্যয় যুক্ত হয়, সেগুলোকে কৃৎপ্রত্যয় বলে। কৃৎপ্রত্যয় দিয়ে সাধিত শব্দকে বলে কৃদন্ত শব্দ। উপরের উদাহরণে, 'অনা' ও 'তব্য' হলো কৃৎপ্রত্যয় এবং 'দোলনা' ও 'কর্তব্য' হলো কৃদন্ত শব্দ।

বাংলা ভাষায় ২ ধরনের কৃৎ প্রত্যয়ের ব্যবহার আছে। যথা :

**ক। বাংলা কৃৎ প্রত্যয় :**

বাংলার নিজস্ব অনেক ধাতু রয়েছে যেগুলো সংস্কৃত বা তৎসম নয়। এসব ধাতুর সঙ্গে যে প্রত্যয় যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে সে-সব প্রত্যয়কে বাংলা কৃৎ প্রত্যয় বলে। যেমন : √কাদ্+ অন্ =কাঁদন; √বাঁচ্ + অন =বাঁচন ইত্যাদি।

**খ। সংস্কৃত কৃৎ প্রত্যয় :**

ধাতুর সঙ্গে যে-সব সংস্কৃত প্রত্যয় যুক্ত হয়ে নতুন শব্দ গঠিত হয়, তাদের বলা হয় সংস্কৃত কৃৎ প্রত্যয়। সংস্কৃত অনেক ক্ষেত্রে বাংলায় পরিবর্তিত রূপ পেয়েছে। যেমন : সংস্কৃত 'ণক' বাংলায় হয়েছে 'অক', বা 'অনট' প্রত্যয়ের বাংলা রূপ 'অন'।
যেমন : √গৈ + অক (ণক্)= গায়ক।

**বাংলা কৃৎপ্রত্যয়যোগে শব্দ গঠনঃ**

- অ-প্রত্যয়ঃ √ধর + অ = ধর, √মার+অ = মার। অনুরূপ, হার,জিত,কাঁদ, মর, ডুব, খোঁজ প্রভৃতি।
- অন>ওন প্রত্যয়ঃ √কাঁদ + অন = কাঁদন। নাচন, বাড়ন, চলন, ঝুলন, দোলন প্রভৃতি।
- অনা প্রত্যয়ঃ √দুল+অনা = দোলনা, √খেল+অনা = খেলনা। রান্না, পাওনা, বাজনা প্রভৃতি।
- অনি/উনি প্রত্যয়ঃ √চির+অনি = চিরুনি। ছাউনি, নাচুনি প্রভৃতি।
- অন্ত প্রত্যয়ঃ √ডুব+অন্ত = ডুবন্ত। চলন্ত, পড়ন্ত, উড়ন্ত।
- অক প্রত্যয়ঃ √মুড়+অক = মুড়ক। পলক, চালক।
- আ প্রত্যয়ঃ √পড়+আ = পড়া। কেনা,বেচা, জানা, কাটা, বলা, দেখা।
- আই প্রত্যয়ঃ √চড়ু+আই= চড়াই, √সিল+আই = সিলাই। বাছাই, যাচাই, ঢালাই।
- আও প্রত্যয়ঃ √চড়+আও = চড়াও। পাকড়াও, ঘেরাও।
- আনি প্রত্যয়ঃ √জান+আনি= জানানি। শুনানি,চালানি, উড়ুনি, ঝালানি।
- আরি প্রত্যয়ঃ √ডুব+ আরি = ডুবুরি। পূজারি, ধুনারি।
- ই প্রত্যয়ঃ √ভাজ+ ই = ভাজি। কাশি, হাচি, বেড়ি।
- ইয়া/ইয়ে প্রত্যয়ঃ √মর + ইয়া = মরিয়া, √নাচ+ইয়ে = নাচিয়ে।
- উয়া>ও প্রত্যয়ঃ √পড়+ উয়া= পড়ুয়া।
- না প্রত্যয়ঃ √কাঁদ+না = কাদঁনা/কান্না, √রাঁধ+না = রান্না।

**সংস্কৃত কৃৎপ্রত্যয়যোগে শব্দ গঠনঃ**

● অন (অনট)ঃ √নী+ অনট/অন =নয়ন, শ্রু+অনট = শ্রবণ, প্রতি+√স্থা+অন= প্রতিষ্ঠান, √রুদ+অন = রোদন, √স্মৃ+অন = স্মরণ, √বৃধ+অন= বর্ধন, ভোজন, নর্তন, দর্শন প্রভৃতি।
● ত(ক্ত)ঃ √স্বপ+ত = সুপ্ত, √খ্যা+ ক্ত/ত = খ্যাত, √দীপ+ত = দীপ্ত, √গাহ+ত= গাঢ়, √সৃজ+ত = সৃষ্টি, √জৃ+ত= জীর্ণ, √পঠ+ ত= পঠিত, √সিচ+ক্ত = সিক্ত, মুক্ত, ভুক্ত, √গম+ ক্ত = গত, √লভ+ক্ত= লব্ধ।
● ক্তিঃ √গম+ক্তি= গতি, √শ্রম+ক্তি= শ্রান্তি, √শম+ক্ত= শান্তি, √বচ+ক্তি= উক্তি, √মুচ+উক্তি= মুক্তি।
● তব্য ও অনীয়ঃ √কৃ+ তব্য= কর্তব্য, √দা+তব্য= দাতব্য, বক্তব্য, মন্তব্য, গন্তব্য।
● তৃচঃ √মা+তৃচ = মাতা, ক্রেতা, দাতা।
● ণক>অকঃ √গৈ+ণক = গায়ক, লেখক, নায়ক।
● ণিনঃ √গ্রহ+ণিন = গ্রাহী, √পা+ণিন = পায়ী। স্থায়ী, গামী, ভাবী প্রভৃতি।
● ইন>ঈঃ √শ্রম+ ইন= শ্রমী।
● অলঃ √জি+অল = জয়, √ক্ষি+অল = ক্ষয়।
● যঃ √গম+ য = গম্য, √লভ+য = লভ্য।

ব্যতিক্রমঃ √হণ+ অল= বধ।

**কৃদন্ত বিশেষণ গঠনে কতিপয় কৃৎ প্রত্যয়ঃ**

- ইষ্ণুঃ √চল+ ইষ্ণু = চলিষ্ণু, বর্ধিষ্ণু।
- শানচঃ √দীপ+শানচ = দীপ্যমান, চলমান, বর্ধমান।
- বরঃ √ঈশ+বর = ঈশ্বর, ভাস্কর।
- রঃ √নম+র = নম্র।
- উকঃ √ভু+উক =ভাবুক।

## বাংলা তদ্ধিত প্রত্যয়যোগে শব্দ গঠন

**আ প্রত্যয় :**

চোর + আ = চোরা, কেষ্ট + আ = কেষ্টা (অবজ্ঞার্থে); ডিঙি + আ = ডিঙা (বৃহদার্থে); বাঘ + আ = বাঘা, হাত+আ= হাতা (সদৃশ অর্থে), জটা, চাকা।

**আই-প্রত্যয় :**

বড় + আই = বড়াই, চড়া + আই = চড়াই (ভাববাচক বিশেষ্য গঠনে); কানু + আই = কানাই, নিম +আই = নিমাই (আদরার্থে); বোন + আই = বোনাই, ননদ-নন্দাই, জেঠা- জেঠাই (স্ত্রী বা পুরুষবাচক শব্দের বিপরীত বোঝাতে); মিঠা+আই = মিঠাই (সমগুণবাচক বিশেষ্য গঠনে); ঢাকা + আই = ঢাকাই [জামদানি], পাবনা- পাবনাই [শাড়ি] (জাত অর্থে) ।

**আমি/আম/আমো/মি-প্রত্যয় :**

ইতর + আমি = ইতরামি, পাগল +আমি = পাগলামি, চোর + আমি = চোরামি, ফাজিল + আমো = ফাজলামো (ভাব অর্থে); ঘর +আমি=ঘরামি (বৃত্তি/জীবিকা অর্থে); জেঠা + আমি = জেঠামি, ছেলে + আমি = ছেলেমি (নিন্দা জ্ঞাপন) প্রভৃতি।

**ই ঈ-প্রত্যয় :**

বাহাদুর + ই = বাহাদুরি, উমেদার- উমেদারি (ভাব অর্থে); ডাক্তার-ডাক্তারি, পোদ্দার- পোদ্দারি, ব্যাপার- ব্যাপারি, চাষ- চাষি (বৃত্তি বা ব্যবসায় অর্থে); জমিদার- জমিদারি, দোকান- দোকানি (মালিক অর্থে); মাদ্রাজ- মাদ্রাজি, রেশম- রেশমি (জাত, আগত বা সম্বন্ধ বোঝাতে) প্রভৃতি।

**ইয়া > এ-প্রত্যয় :**

সেকাল + এ = সেকেলে, একাল + এ = একেলে(তৎকালীনতা বোঝাতে)। পাথর- পাথরিয়া > পাথুরে, মাটি- মেটে, বালি- বেলে (উপকরণ বোঝাতে); জাল- জালিয়া > জেলে, মোট- মুটে (উপজীবিকা অর্থে); খুন- খুনিয়া > খুনে, নাইয়া > নেয়ে (নৈপুণ্য বোঝাতে); টনটন- টনটনে [জ্ঞান], কনকন-কনকনে [শীত], গনগন- গনগনে [আগুন], চকচক- চকচকে [জুতা] (অব্যয়জাত বিশেষণ গঠনে)।

**উয়া > ও-প্রত্যয় :**

জ্বর + উয়া + জ্বরুয়া > জ্বরো, বাত + উয়া = বাতুয়া > বেতো [ঘোড়া] (রোগগ্রস্ত অর্থে); খড়- খড়ো [খড়োঘর] (নির্মিত অর্থে); ধান-ধেনো (জাত অর্থে); মাঠ-মেঠো, গাঁ-গাঁইয়া > গেঁয়ো (সংশ্লিষ্ট অর্থে); মাছুয়া > মেছো (উপজাবিকা অর্থে) প্রভৃতি।

**ক-প্রত্যয় :**

লাজ- লাজুক, মিশ- মিশুক, মিথ্যা- মিথ্যুক (বিশেষণ গঠনে) প্রভৃতি।
উয়া/ওয়া > ও-প্রত্যয় : ঘর + ওয়া = ঘরোয়া, জল + উয়া = জলুয়া > জলো [দুধ] (সম্পর্কিত অর্থে) প্রভৃতি।

**আটিয়া/টে-প্রত্যয় :**

তামা- তামাটিয়া > তামাটে, ঝগড়া- ঝগড়াটে, ভাড়া- ভাড়াটে, রোগা- রোগাটে (বিশেষণ গঠনে) প্রভৃতি।

**লা- প্রত্যয় :**

মেঘ- মেঘলা (বিশেষণ গঠনে), এক- একলা, আধ- আধলা (স্বার্থে) প্রভৃতি।

## বিদেশি তদ্ধিত প্রত্যয়যোগে শব্দ গঠন

**ওয়ালা > আলা (হিন্দি) :**
বাড়ি- বাড়িওয়ালা (মালিক অর্থে), দিল্লি- দিল্লিওয়ালা (অধিবাসী অর্থে), মাছ- মাছওয়ালা, দুধ- দুধওয়ালা(বৃত্তি অর্থে) প্রভৃতি ।

**ওয়ান > আন (হিন্দি) :**
গাড়ি- গাড়োয়ান, দার- দারোয়ান প্রভৃতি।

**আনা > আনি (হিন্দি) :**
মুনশি- মুনশিয়ানা, বিবি- বিবিআনা, হিন্দু- হিন্দুয়ানি প্রভৃতি ।

**গর > কর (ফারসি) :**
কারিগরি, বাজিকর, সওদাগর প্রভৃতি।

**দার (ফারসি) :**
তাঁবেদার, খবরদার, দেনাদার, চৌকিদার, পাহারাদার প্রভৃতি।

**বাজ (ফারসি) :**
কলমবাজ, ধড়িবাজ, ধোঁকাবাজ, গলাবাজ + ই = গলাবাজি [বিশেষ্য] (দক্ষ অর্থে) প্রভৃতি।

**সই :**
জুতসই, মানানসই, চলনসই, টেকসই (মতো অর্থে) প্রভৃতি।

**পনা :**
গিন্নীপনা, বেহায়াপনা (মতো অর্থে)।

## সংস্কৃত তদ্ধিত প্রত্যয় সহযোগে গঠিত শব্দ

**ইত-প্রত্যয় :**
কুসুম + ইত = কুসুমতি, তরঙ্গ + ইত = তরঙ্গিত

**ইমন-প্রত্যয় :**
নীল + ইমন = নীলিমা, মহৎ + ইমন = মহিমা (বিশেষ্য গঠনে) প্রভৃতি।

**ইল্-প্রত্যয় :**
পঙ্ক + ইল্ = পঙ্কিল, ঊর্মি + ইল্ = ঊর্মিল, ফেন + ইল = ফেনিল (উপকরণজাত বিশেষণ গঠনে) প্রভৃতি।

**ইষ্ঠ - প্রত্যয় :**
গুরু + ইষ্ঠ = গরিষ্ঠ, লঘু + ইষ্ঠ = লঘিষ্ঠ (অতিশায়নে) প্রভৃতি।

**ইন (ঈ)-প্রত্যয় :**
জ্ঞান + ইন = জ্ঞানিন, সুখ + ইন = সুখিন, গুণ + ইন = গুণিন, মান + ইন = মানিন (সাধারণ বিশেষণ গঠনে)।

**তা ও ত্ব-প্রত্যয় :**
বন্ধু + তা = বন্ধুতা, শত্রু + তা = শত্রুতা, বন্ধু + ত্ব = বন্ধুত্ব, গুরু + ত্ব = গুরুত্ব, ঘন + ত = ঘনত্ব

**তর ও তম-প্রত্যয় :**
মধুর- মধুরতর-মধুরতম, প্রিয় প্রিয়তর-প্রিয়তম (অতিশায়নে) প্রভৃতি।

**নীন (ঈন)- প্রত্যয় :**
সর্বজন + নীন = সর্বজনীন, কুল + নীন = কুলীন, নব + নীন = নবীন (তৎসম্পর্কিত অর্থে বিশেষণ গঠনে)।

**বতুপ (বৎ) এবং মতুপ (মৎ)-প্রত্যয় :**
গুণ + বতুপ = গুণবান, দয়া + বতুপ =দয়াবান, শ্রী + মতুপ = শ্রীমান, বুদ্ধি + মতুপ =বুদ্ধিমান (বিশেষণ গঠনে) প্রভৃতি।

**বিন (বী) প্রত্যয় :**
মেধা + বিন = মেধাবী, মায়া + বিন = মায়াবী, তেজঃ + বিন = তেজস্বী, যশঃ + বিন = যশস্বী।

**র-প্রত্যয় :**
মধু + র = মধুর, মুখ + র = মুখর (বিশেষ্য গঠনে) প্রভৃতি।

**ল-প্রত্যয় :**
শীত + ল = শীতল, বৎস + ল = বৎসল (বিশেষ্য গঠনে) প্রভৃতি।

**ষ্ণ (অ) প্রত্যয় :**
মনু + ষ্ণ = মানব, যদু + ষ্ণ = যাদব (অপত্য অর্থে); শিব + ষ্ণ = শৈব, জিন + ষ্ণ = জৈন, শক্তি- শাক্ত, বুদ্ধ- বৌদ্ধ, বিষ্ণু- বৈষ্ণব (উপাসক অর্থে); শিশু + ষ্ণ = শৈশব, গুরু + ষ্ণ = গৌরব, কিশোর + ষ্ণ = কৈশোর (ভাব অর্থে); পৃথিবী +ষ্ণ = পার্থিব, নিপাতনে সিদ্ধ : সূর্য + ষ্ণ = সৌর।

## অনুশীলন

১.নিচের কোনটি মিশ্র (বাংলা +বিদেশী) প্রত্যয়
ক) বিবিয়ানা
খ) চলনসই
গ) গায়ক
ঘ) মুসাফির

২.'বধ' এর প্রকৃতি ও-প্রত্যয় হল?
ক)√বধ+অ
খ)√হণ+অল
গ)হত্যা+অ
ঘ) √হণ+ক্ত

৩.দীপ্যমান শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক) √দীপ+মা
খ) দীপমা+ন
গ) √দীপ+শাচ
ঘ) √দীপ+শানচ।

৪.ক্রেতা শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক) √ক্রে+তৃচ
খ) ক্রি+তা
গ)√ক্রী+তৃচ
ঘ) √কৃ+ তা

৫.রোগগ্রস্ত অর্থে প্রত্যয়যুক্ত শব্দ কোনটি?
ক) চোরা
খ) টেকো
গ) ইতরামি
ঘ) বেতো

৬.'আদর' অর্থে কোন শব্দটি ব্যবহার করা হয়েছে?
ক) চোরা
খ) টেকো
গ) নিমাই
ঘ) কানাই

৭.কোনটিতে বাংলা কৃৎপ্রত্যয়ের উদাহরণ রয়েছে?
ক) শোচনীয়,পাগলামি
খ) লিখিত, অগ্রিম
গ) দীপ্ত,অগ্রিম
ঘ) নাচিয়ে, গাইয়ে

৮.খাঁটি বাংলা ধাতু কোনটি?
ক) আঁক
খ) অঙ্ক
গ) ডর
ঘ) কৃৎ

৯.'ধৃ' ধাতুর অর্থ কী?
ক) গ্রহণ করা
খ) ধরে ফেলা
গ) ধীরে চলা
ঘ) ধারণ করা

১০.নিচের কোনটি বাংলা ধাতু?
ক) মাগ
খ) কাট
গ) গম
ঘ) কৃ

১১.'প্রেম' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক. প্রে+ম
খ. প্রিয়+এম
গ. প্রিয়+ইমন
ঘ. প্রেম+অ+ব

১২.নিচের কোন ধাতুগুলো মূলত একই বিষয় বোঝায়?
ক. সংযোগমূলক ধাতু ও সাধিত ধাতু
খ. প্রযোজক ধাতু ও কর্মবাচ্যের ধাতু
গ. কর্মবাচ্যের ধাতু ও সংযোগমূলক ধাতু
ঘ. সমধাতু ও প্রযোজক ধাতু

১৩.যে ধাতু বিশ্লেষণ করা যায় না, তাকে বলা হয়–
ক. সাধিত ধাতু
খ. মৌলিক ধাতু
গ. যৌগিক ধাতু
ঘ. সংযোগমূলক ধাতু

১৪.কাজটি ভালো দেখায় না– এই বাক্যের 'দেখায়' ক্রিয়াটি কোন ধাতুর উদাহরণ?
ক. মৌলিক ধাতুর
খ. নাম ধাতুর
গ. প্রযোজক ধাতুর
ঘ. কর্মবাচ্যের ধাতুর*

১৫.'ফুলদানি' শব্দটির 'দানি' মূলত কী?
ক) ধাতু
খ) ক্রিয়া বিভক্তি
গ) শব্দ প্রত্যয়
ঘ) প্রত্যয়

১৬.য-প্রত্যয়যোগে গঠিত শব্দ কোনটি?
ক. অল্পতা
খ. দারিদ্র্য
গ. সহযোগিতা
ঘ. নাগরিক

১৭.উক্তি-এর সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি?
ক. √উক্+তি
খ. √উচ্+ক্তি
গ. √বচ্+ক্তি
ঘ. √বচ্+তি

১৮.বক্তব্য-এর সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি?
ক. √বক+তব্য
খ. √বক+অব্য
গ. √বক্ত+ব্য
ঘ. √বচ্+তব্য

১৯.নিচের কোন শব্দটি তদ্ধিত প্রত্যয়যোগে গঠিত?
ক) নায়ক
খ) চলন্ত
গ) মেধাবী
ঘ) গায়ক

২০.বিদেশি তদ্ধিত প্রত্যয়ের ক্ষেত্রে কোনটি ব্যতিক্রম?
ক) জুতসই
খ) চলনসই
গ) টিপসই
ঘ) মানানসই

২১.'নায়ক' শব্দের কৃৎপ্রত্যয় হচ্ছে–
ক. নিঃ+অক
খ. নী+অক
গ. ণী+অক
ঘ. √ণী+ণক

২২.যা কিছু হারায় গিন্নী বলেন, কেষ্টা বেটাই চোর– এখানে হারায় কোন ধাতু?
ক. প্রযোজক ধাতু
খ. ভাব বাচ্যের ধাতু
গ. সংযোগমূলক ধাতু
ঘ. নাম ধাতু

২৩.'উৎকযতা' কি কারণে অশুদ্ধ?
ক. সন্ধিজনিত
খ. প্রত্যয়জনিত
গ. উসর্গজনিত
ঘ. বিভক্তিজনিত

২৪.'মাধ্যমিক' শব্দের প্রকৃতি-প্রত্যয় কোনটি?
ক) মধ্যম + ষ্ণিক
খ) মধ্য + ষ্ণিক
গ) মাধ্যমিক + ষ্ণ
ঘ) মাধ্য + ইক

২৫.নিচের কোন শব্দটি প্রত্যয়সাধিত?
ক. মহাপ্রলয়
খ. খণ্ডিত
গ. নিঃশ্বাস
ঘ. অনুপম

২৬.'পাঠক' শব্দের যথার্থ প্রকৃতি-প্রত্যয় কোনটি?
ক. √পাঠ+অক
খ. √পঠ্+অক
গ. √পা+ঠক
ঘ. √পঠ+টক

২৭.কোনটি বিদেশি ধাতু?
ক) হস
খ) হাস
গ) কাট
ঘ) ডর

২৮.পাঠক শব্দটি কোন শ্রেণির ধাতু হতে গঠিত?
ক. সংস্কৃত
খ. দেশি
গ. কাঁটি বাংলা
ঘ. বিদেশি

২৯.কোনটিতে প্রত্যয় 'জীবিকা অর্থে ব্যবহৃত হয়েছে?
ক) গেছো
খ) মেছো
গ) টেকো
ঘ) গেঁয়ো

৩০.'জ্ঞানবান' শব্দের প্রকৃতি-প্রত্যয় কোনটি?
ক) জ্ঞান + বান
খ) জ্ঞান + বতুপ
গ) জ্ঞান + মতুপ
ঘ) জ্ঞানী + মতুপ

## বিগত বছরের প্রশ্নাবলী

১। কোনটি নামধাতুর উদাহরণ ? [৪৩তম বিসিএস]
ক) চল্ খ) কর্ গ) বেতা ঘ) পড় উত্তর: গ

ব্যাখ্যাঃ ধাতু তিন প্রকার। যথা : মৌলিক, সাধিত ও যৌগিক। গঠনরীতি ও অর্থের দিক থেকে সাধিত ধাতু তিন শ্রেণিতে বিভক্ত। যথা : নাম ধাতু, প্রযোজক ধাতু ও কর্মবাচ্যের ধাতু। বিশেষ্য, বিশেষণ এবং অনুকার অব্যয়ের পরে 'আ' প্রত্যয় যোগ করে যে নতুন ধাতুটি গঠিত হয়, তা-ই নাম ধাতু। যেমন- বেত + আ = বেতা (শাসনের জন্য বেতানো ঠিক নয়)। এরূপ- হাত + আ = হাতা, ঘুম + আ = ঘুমা, বিষ + আ = বিষা, ঘাম + আ = ঘামা। অন্যদিকে চল্, কর, পড়— মৌলিক ধাতু ।

২। ক্রিয়া পদের মূল অংশকে বলা হয় – [১০ম বিসিএস ]
ক) বিভক্তি খ) ধাতু গ) প্রত্যয় ঘ) কৃৎ উত্তর: খ

৩। কোন শব্দে ধাতুর সঙ্গে প্রত্যয় যুক্ত হয়েছে? [(১২তম বিসিএস (পুলিশ)]
ক) ঠগী খ) পানাস গ) পাঠক ঘ) সেলামী উত্তর:গ

৪। 'আঁকা' সাধিত শব্দটির সংস্কৃত ধাতু কোনটি? [জীবন বীমা করপোরেশনের সহকারী ব্যবস্থাপক ২০২০]
ক) আঁক খ) অঙ্কন গ) অঙ্ক ঘ) অঙ্কিত উত্তর:গ

৫। 'কাজটি ভালো দেখায় না'। এই বাক্যের 'দেখায়' ক্রিয়াটি কোন ধাতুর উদাহরণ? [দুর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালক 2020]
ক) মৌলিক ধাতুর খ) কর্মবাচ্যের ধাতুর গ) নাম ধাতুর ঘ) প্রযোজক ধাতুর উত্তর: খ

৬। 'পাঠক' শব্দটি কোন শ্রেণীর ধাতু থেকে গঠিত? [ পরিসংখ্যান ব্যুরো ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর ২০২০]
ক) দেশী খ) সংস্কৃত মূল গ) বিদেশী ঘ) খাঁটি বাংলা উত্তর: খ

৭। ক্রিয়ার মূলকে বলা হয়— [ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৯]
ক) ধাতু খ) প্রত্যয় গ) বিভক্তি ঘ) কারক উত্তর: ক

৮। কোনটি নাম ধাতু? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের সহকারী পরিচালক ২০১৯]
ক) খা খ) কর গ) ঘুমা ঘ) ছাড় উত্তর: গ

ব্যাখ্যাঃ বিশেষ্য, বিশেষণ এবং অনুকার অব্যয়ের পরে 'আ' প্রত্যয় যোগ করে যে নতুন ধাতুটি গঠিত হয় তাই নাম ধাতু। যেমন— সে ঘুমাচ্ছে। 'ঘুম' থেকে নাম ধাতু ঘুমা'।

৯। ধাতু চিহ্ন বোঝাতে কোন চিহ্ন ব্যবহৃত হয়? [জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা ২০১৬]
ক) > খ) < গ) => ঘ) √( ) উত্তর: ঘ

১০। কোনটি বাংলা ধাতু? [ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (৫ জেলা) ২৭ জুন ২০১৫]
ক) কৃ খ) মাগ্ গ) গম্ ঘ) কাট্ উত্তর: ঘ

১১। ধাতু কয় প্রকার? [জাতীয় রাজস্ব বোর্ডের ইন্সপেক্টর/এপ্রেইজার/ প্রিভেন্টিভ অফিসার/ গোয়েন্দা কর্মকর্তা ২০১০]
ক) এক খ) দুই গ) তিন ঘ) চার উত্তর: গ

১২। যে ধাতু বিশ্লেষণ করা যায় না, তাকে বলা হয়— [ তথ্য মন্ত্রণালয়ের গণযোগাযোগ অধিদপ্তরে সহকারী তথ্য অফিসার ২০০৫]
ক) সাধিত ধাতু খ) মৌলিক ধাতু গ) যৌগিক ধাতু ঘ) সংযোগমূলক ধা উত্তর: খ

১৩। কোনটি নাম ধাতুর উদাহরণ? [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০৯]
ক) দেখায় খ) পড়াচ্ছি গ) মুচড়ানো ঘ) শোনায় উত্তর: গ

১৪। অসম্পূর্ণ বা পঙ্গু ধাতুর দৃষ্টান্ত কোনটি? [উপজেলা/থানা শিক্ষা অফিসার (TEO) ১৯৯৯]
ক) √খা খ) √যা গ) √কর ঘ) √দেখ উত্তর: খ

১৫। 'গমন' শব্দের মূল ধাতু কোনটি? [ সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার 2010]
ক) গতি খ) গত গ) গম্য ঘ) গম্ উত্তর: ঘ

১৬। ধাতু কত প্রকার? [Pubali Bank Limited Junior Officer 2012]
ক) দুই খ) তিন গ) চার
ঘ) পাঁচ ঙ) কোনোটিই নয় উত্তর: খ

১৭। ক্রিয়া পদের মূল অংশকে বলা হয়- [Rajshahi Krishi Unnayan Bank Cashier 2017]
ক) বিভক্তি খ) ধাতু গ) প্রত্যয় ঘ) কৃৎ উত্তর: খ

১৮। খাঁটি বাংলা ধাতু কোনটি? [রাবি 'এ' ইউনিট (গ্রুপ-১) ২০১৮-১৯]
ক) অঙ্ক খ) আঁক গ) ডর ঘ) কৃৎ উত্তর: খ

১৯। 'যা কিছু হারায় গিন্নি বলেন, কেষ্টা বেটাই চোর।'— [জাককানইবি 'এএল' ইউনিট ২০১৮-১৯]
ক) নাম ধাতু খ) সংযোগমূলক ধাতু গ) কর্মবাচ্যের ধাতু ঘ) ভাববাচ্যের ধাতু উত্তর: গ

২০। সংস্কৃত ধাতু – [জাককানইবি 'এপি ইউনিট ২০১৮-১৯]
ক) শুন্ খ) কহ্ গ) আঁক ঘ) হস্ উত্তর: ঘ

২১। বিশেষ্য, বিশেষণ এবং অনুকার অব্যয়ের পরে 'আ' প্রত্যয় যোগ করে যে ধাতু গঠিত হয়, তাকে বলে— [রাবি D ইউনিট ২০১৭-১৮]
ক) মৌলিক ধাতু খ) সংযোগমূলক ধাতু গ) নাম ধাতু ঘ) প্রযোজক ধাতু উত্তর: ঘ

২২। কোনটি বাংলা ধাতু নয়? [রাবি। ইউনিট ২০১৭-১৮]
ক) আঁক্ খ) আঁকা গ) কহ্ ঘ) পড় উত্তর: খ

২৩। সমধাতুজ কর্মের উদাহরণ- [ কবি বি' ইউনিট ২০১৬-১৭]
ক) এ নহে মোর প্রার্থনা খ) নাসিমা ফুল তুলছে
গ) খুব এক ঘুম ঘুমিয়েছি ঘ) ছাত্ররা বল খেলে উত্তর: গ

ব্যাখ্যাঃ বাক্যের ক্রিয়া ও কর্মপদ একই ধাতু থেকে গঠিত হলে ঐ কর্মপদকে সমধাতুজ কর্ম বা ধাতুর্থক কর্মপদ বলে। যেমন- আর কত খেলা খেলবে। মূল খেল ধাতু থেকে ত্রিয়া খেলা হয়েছে। তাই খেলা পদটি সমধাতুজ কর্ম ।

২৪। বাংলা ভাষায় মৌলিক ধাতুগুলোকে কত ভাগে ভাগ করা যায়? [ ইবি 'C' ইউনিট ২০১৫-১৬]
ক) ২ ভাগে খ) ৩ ভাগে গ) ৪ ভাগে ঘ) ৫ ভাগে উত্তর: খ

২৫। 'ধৃ' ধাতুর অর্থ কী? [চবি B-1, 3, 4, 5, 6, 7 & 8' ইউনিট ২০১৫-১৬]
ক) ধারণ করা খ) ফিরে আসা গ) গ্রহণ করা ঘ) ছেড়ে যাওয়া উত্তর: ক

২৬। 'কৃষ্টি' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয়— [৪২তম বিসিএস]
ক) কৃষ্ + তি খ) কৃষ্ + টি গ) কৃ + ইষ্টি ঘ) কৃষ্ +ইষ্টি উত্তর: ক

ব্যাখ্যাঃ সংস্কৃত কৃৎ প্রত্যয় সাধিত শব্দ কৃষ্টি। 'তি' (ক্তি) প্রত্যয় যোগে গঠিত 'কৃষ্টি' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কৃষ্ঃ + তি । এরূপ — √দৃশ্ + তি = দৃষ্টি, শ্রম্ + তি = শ্রান্তি, √ভজ্ + তি = ভক্তি ইত্যাদি ।

২৭। প্রচুর + য = প্রাচুর্য; কোন প্রত্যয়? [৪১তম বিসিএস]
ক) কৃৎ প্রত্যয় খ) তদ্ধিত প্রত্যয়
গ) বাংলা কৃৎ প্রত্যয় ঘ) সংস্কৃত কৃৎপ্রত্যয় উত্তর: খ

ব্যাখ্যাঃ শব্দের সঙ্গে (শেষে) যেসব প্রত্যয় যোগে নতুন শব্দ গঠিত হয়, তাদের অঙ্কিত প্রত্যয় বলে। বাংলা ভাষায় তদ্ধিত প্রত্যয় তিন প্রকার। যথা : ১. বাংলা তদ্ধিত প্রত্যয় ২. বিদেশি তদ্ধিত প্রত্যয় ও ৩. তৎসম বা সংস্কৃত তদ্ধিত প্রত্যয়। প্রচুর + য = প্রাচুর্য; 'য' প্রত্যয় যোগে গঠিত সংস্কৃত তদ্ধিত প্রত্যয়। এরূপ আরও কয়েকটি প্রত্যয়সাধিত শব্দ : মধুর + য = মাধুর্য, চতুর + য = চাতুর্য, কবি + য = কাব্য, সভা + য = সভ্য, তরুণ + য = তারুণ্য।

২৮। বাংলা কৃৎ-প্রত্যয় সাধিত শব্দ কোনটি? [৪০তম বিসিএস]
ক) কারক খ) লিখিত গ) বেদনা ঘ) খেলনা উত্তর: ঘ

ব্যাখ্যাঃ √খেল্ + অনা = খেলনা বাংলা কৃৎ প্রত্যয় 'অনা' যোগে গঠিত। সংস্কৃত কৃৎ প্রত্যয় যোগে গঠিত শব্দ :
√কৃ + অক = কারক, √লিপ্ + ত = লিখিত, √বিদ্ + অন + আ = বেদনা

২৯। 'সর্বাঙ্গীণ' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় — [৪০তম বিসিএস]
ক) সর্বঙ্গ+ঈন খ) সর্ব+অঙ্গীন গ) সর্ব+ঙ্গীন ঘ) সর্বাঙ্গ+ঈন উত্তর: ঘ

৩০। 'শ্রদ্ধা' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি? [৩৮তম বিসিএস]
ক) শ্রৎ+√ধা+অ+আ খ) শ্রৎ+√ধা+আ
গ) শ্র+√ধা+আ ঘ) শ্র+√ধা+আ উত্তর: ক

৩১। বাংলা কৃৎ-প্রত্যয় সাধিত শব্দ কোনটি? [৩৮তম বিসিএস]
ক) চামার খ) ধারালো গ) মোড়ক ঘ) পোস্টাই উত্তর: গ

৩২। নিচের কোন শব্দটি প্রত্যয়যোগে গঠিত হয়নি? [৩৬তম বিসিএস]
ক) সভাসদ খ) শুভেচ্ছা গ) ফলবান ঘ) তন্বী উত্তর: খ

৩৩। নিচের কোন শব্দটি প্রত্যয়সাধিত? [৩৫তম বিসিএস]
ক) প্রলয় খ) খন্ডিত গ) নিঃশ্বাস ঘ) অনুপমা উত্তর: খ

৩৪। 'সাহচর্য' শব্দের শুদ্ধ গঠন কোনটি? [৩০তম বিসিএস]
ক) সহ+চর+র্য
খ) সহচর+যফলা
গ) সহচর+য
ঘ) কোনোটিই নয়
উত্তর: গ

ব্যাখ্যাঃ সাহচর্য শব্দটি সংস্কৃত সহচর + য যোগে গঠিত। এ শব্দটির অর্থ হলো সঙ্গ, সান্নিধ্য, সংস্রব।

৩৫। 'মেছো' শব্দের প্রকৃতি-প্রত্যয় কি? [২৭তম বিসিএস]
ক) মাছ+ও
খ) মেছ+ও
গ) মাছি+উয়া>ও
ঘ) মাছ+উয়া>ও
উত্তর: ঘ

৩৬। উৎকর্ষতা কী ধরনের অশুদ্ধ? [২৪তম বিসিএস]
ক) সন্ধিজনিত
খ) প্রত্যয়জনিত
গ) উপসর্গজনিত
ঘ) বিভক্তিজনিত
উত্তর: খ

৩৭। ধাতুর পর কোন প্রত্যয় যুক্ত ভাববাচক বিশেষ্য বুঝায়? [১৮তম বিসিএস]
ক) আন
খ) আই
গ) আল
ঘ) আও
উত্তর: খ

৩৮। 'দোলনা' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি? [১৮তম বিসিএস]
ক) √দুল্+অনা
খ) দোল্+না
গ) দোল্+অনা
ঘ) দোলনা+আ
উত্তর: ক

[Note: √দুল্ + অনা = দুলনা > দোলনা]

৩৯। প্রত্যয়গতভাবে শুদ্ধ কোনটি? [১৬তম বিসিএস]
ক) উৎকর্ষতা
খ) উৎকর্ষ
গ) উৎকৃষ্ট
ঘ) উৎকৃষ্টতা
উত্তর: খ

৪০। কোন শব্দে ধাতুর সঙ্গে প্রত্যয় যুক্ত হয়েছে? [১২তম বিসিএস]
ক) ঠগী
খ) পানাস
গ) পাঠক
ঘ) সেলামী
উত্তর: গ

৪১। নিচের কোনটি তদ্ধিত প্রত্যয়? [বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট (BPI)-এর সহকারী পরিচালক ২০২০]
ক) ছাপা + খানা
খ) জন + অক
গ) রাঁধ+ উনি
ঘ) কাঁদ+না
উত্তর:ক

বাখ্যাঃ 'খানা' প্রত্যয় যোগে গঠিত বিদেশি তদ্ধিত প্রতায় -ছাপা + খানা= ছাপাখানা, চিড়িয়া + খানা = চিড়িয়াখানা।
√জন + অক = জনক, √কাঁদ + না =কাঁদনা> কান্না, √রাঁধ্ + অনি = রাঁধনি > রাধুনি কৃৎপ্রত্যয় সাধিত শব্দ।

৪২। 'বৃত্তি' অর্থে 'ঈ' প্রত্যয় যুক্ত কোন শব্দে? [ দুর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালক ২০২০]
ক) জমিদারি
খ) পোদ্দারি
গ) উমেদারি
ঘ) সরকারি
উত্তর:খ

৪৩। 'বর্ষীয়ান'-এর প্রত্যয়—[স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক ২০১৯]
ক) বৃদ্ধ + ইয়স
খ) বৃদ্ধ + ঈয়স্
গ) বৃদ্ধ + ত্রীয়স
ঘ) বৃদ্ধ + নীরস
উত্তর:খ

ব্যাখাঃ বর্ষীয়ান-এর পাঠক প্রকৃতি-প্রকার বৃদ্ধ + ঈয়স্। এরূপ আরও কয়েকটি
প্রকৃতি-প্রতয়-গুরু + ঈয়স্ = গরীয়স্ > গরীয়ান, লঘু + ঈয়স = লঘীয়স্> = লঘীয়ান, বলবৎ + ঈয়স্ = বলীয়ান।

৪৪। শব্দের 'মূল'-কে বলা হয়— [তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার ২০১৯]
ক) বিভক্তি
খ) প্রকৃতি
গ) প্রত্যয়
ঘ) অব্যয়
উত্তর:খ

ব্যাখাঃ শব্দ ও ধাতুর মূলকে বলা হয় প্রকৃতি। প্রকৃতি দুই প্রকার। যথা : নাম প্রকৃতি ও ক্রিয়া প্রকৃতি।

৪৫। বাংলা তদ্বিত- প্রত্যয় দিয়ে গঠিত শব্দ কোনটি? [সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) ২০১১]
ক) জুতানো খ) জানানো গ) ফলানো ঘ) ফেরানো উত্তর:ক

ব্যাখ্যাঃ আনো প্রত্যয় যোগে গঠিত বাংলা তদ্ধিত-প্রত্যয় সাধিত শব্দ জুতা + আনো = জুতানো। এরূপ আরও কয়েকটি শব্দ - ঘাম + আনো = ঘামানো, লতা + আনো = লতানো, প্যাচ + আনো = প্যাঁচানো।

৪৬। 'বক্তব্য'-এর সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৯]
ক) √বক্+তব্য খ) √বক+অব্য গ) √বক্ত+ব্য ঘ) √বচ্+তব্য উত্তর: ঘ

৪৭। 'বহুতা' শব্দের প্রকৃতি-প্রত্যয় কোনটি? [বাংলাদেশ কোস্ট গার্ড ও কৃষি প্রশিক্ষণ একাডেমির নার্স এবং ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্স-এর ফোরম্যান ২০১৯]
ক) বহ্ + তা খ) বহি + তা গ) বহু + তা ঘ) বহা + তা উত্তর: ক

৪৮। নিচের কোনটি 'ইমন' প্রত্যয় যোগে গঠিত? [ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের সহকারী পরিচালক ২০১৯]
ক) কুসুমিত খ) মোলায়েম গ) পঙ্কিল ঘ) নীলিমা উত্তর: ঘ

ব্যাখ্যাঃ ই-প্রত্যয় যোগে গঠিত শব্দ : নীল + ইমন = নীলিমা। মহৎ + ইমন = মহিমা। ইত প্রত্যয় যোগে গঠিত শব্দ : কুসুম + ইত = কুসুমিত। 'পঙ্কিল' শব্দটি ইল্-প্রত্যয় যোগে গঠিত।

৪৯। ক্রিয়া বা ধাতুর পরে যে প্রত্যয় যুক্ত হয় তাকে বলে— [১৬তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল পর্যায়) ২০১৯]
ক) ধাতু প্রত্যয় খ) শব্দ প্রত্যয় গ) কৃৎ প্রত্যয় ঘ) তদ্বিত প্রত্যয় উত্তর: গ

৫০। 'দীপ্যমান' শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [১৫তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) ২০১৯]
ক) √(দীপ্য ) + মান খ) √(দিপ্য ) + মানচ
গ) √(দিপ ) + শানচ ঘ) √(দীপ ) + শানচ উত্তর: ঘ

৫১। কোনটি 'নিপাতনে সিদ্ধ' প্রত্যয়যুক্ত শব্দ? [১৫তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) ২০১৯]
ক) শৈব খ) সৌর গ) দৈব ঘ) চৈত্র উত্তর:খ

৫২। গুণ ও বৃদ্ধি বলা হয় – [১৫তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) ২০১৯]
ক) কৃৎ-প্রকৃতির আদিস্বরের পরিবর্তনকে খ) কৃৎ-প্রকৃতির অন্তস্বরের পরিবর্তনকে
গ) নাম-প্রকৃতির পরিবর্তনকে ঘ) প্রাতিপাদিকের পরিবর্তনকে উত্তর:ক

৫৩। 'দর্শনীয়' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় –[ ১৬তম প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (কলেজ/সমপর্যায়) ২০১৯]
ক) √(দর্শন )+ ঈয় খ) √দৃশ্ + অনীয়
গ) √দৃশ্য + নীয় ঘ) √(দর্শন )+ ইয় উত্তর:খ

ব্যাখাঃ সংস্কৃত কৃৎ-প্রত্যয় 'অনীয়' যোগে গঠিত দর্শনীয় শব্দের প্রকৃতি-প্রত্যয় এ দৃশ উত্তর + অনীয়। এরূপ √কৃ + অনীয় = করণীয়, রিক্ষ্‌ + অনীয় = রক্ষণীয়।

৫৪। 'আগ্নেয়' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (১ম ধাপ) ২০১৯]
ক) অগ্নি+ ষ্ণেয় খ) অগ্নি+ এয় গ) অগ্নি+ য় ঘ) অগ্নী+ এয় উত্তর: Note

Note: ষ্ণেয় প্রত্যয় যোগে গঠিত 'আগ্নেয়' শব্দের সঠিক প্রকৃতি প্রত্যয় অগ্নি + ষ্ণেয় ও অগ্নি + এয় দুটিই শুদ্ধ। এরূপ ভগিনী + ষ্ণেয় (এয়) = ভাগিনেয়,বিমাতৃ + ষ্ণেয় (এয়) =বৈমাত্রেয়, পথ + ষ্ণেয় (এয়) =পাথেয়।

৫৫। 'কুসুমিত' শব্দের প্রকৃতি প্রত্যয় কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (২য় ধাপ) ২০১৯]
ক) কুসুম + ত খ) কুসুম + ইত
গ) কুসুম + ঈত ঘ) কুসুম + উত উত্তর: খ

৫৬। কোন শব্দটিতে বিদেশী প্রত্যয় ব্যবহৃত হয়েছে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (৪র্থ ধাপ) ২০১৯]
ক) চালবাজ খ) কানকাটা গ) বেয়াক্কেল ঘ) দিগ্ গঞ্জ উত্তর: ক

৫৭। 'বার্ষিক' শব্দটির সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি? [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী ২০১৮]
ক) বর্ষ + ষ্ণিক খ) ব + ষ্ণিক
গ) বরষ + ইক ঘ) বর্ষা + ষ্ণিক উত্তর: ক

৫৮। 'নেতা' শব্দের প্রকৃতি-প্রত্যয় কোনটি? [তথ্য মন্ত্রণালয়ের অধীন বিটিভির সহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৭]
ক) √নি+তৃ খ) √নি+তা
গ) √নে+তাই ঘ) √নৃ+তা উত্তর: খ

৫৯। প্রত্যয়ের কোন নিয়মটি সঠিক? [১৪তম বেসরকারি শিক্ষক নিবন্ধন [স্কুল/সমপর্যায়-২]২০১৭]
ক) নীল+ মা = নীলিমা খ) নীল+ ইমন = নীলিমা
গ) নী+ ইলিমা = নীলিমা ঘ) নিলী+মা =নীলিমা উত্তর: খ

ব্যাখাঃ ইমন প্রত্যয়টি সংস্কৃত তদ্ধিত প্রতায়। ইমন—প্রভায় বিশেষ্য গঠনে নীল + ইমন = নীলিমা, মহৎ + ইমন = মহিমা।

৬০। 'সৃষ্টি'-এর প্রকৃতি প্রত্যয় - [ ১৪তম বেসরকারি শিক্ষক নিবন্ধন [স্কুল পর্যায় ]২০১৭]
ক) সৃষ + টি খ) সৃশ + তি
গ) √সৃজ্ + তি ঘ) শ্রীট+টি উত্তর: গ

ব্যাখ্যাঃ 'তি' প্রত্যয় যোগে গঠিত 'সৃষ্টি' শব্দের প্রকৃতি ও প্রত্যয় √ সৃজ্ + তি। এরূপ √ কৃষ + তি = কৃষ্টি, √ ভজ্ + তি = ভক্তি, শ্রম্ + তি = শ্রান্তি।

৬১। 'মানব' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [১৩তম শিক্ষক নিবন্ধন (স্কুল/সমপর্যায়) ২০১৬]
ক) মনু + ষ্ণ খ) মনু+অব গ) মা+নব ঘ) মান+ অব উত্তর: ক

ব্যাখ্যাঃ 'মানব' শব্দের প্রকৃতি ও প্রত্যয় 'মনু + ষ্ণ'। এটি সংস্কৃত তদ্ধিত প্রত্যয়। এরূপ-যাদব (যদু + ষ্ণ), শৈশব (শিশু + ষ্ণ), কৈশোর (কিশোর + ষ্ণ)।

৬২। 'মহিমা' শব্দের প্রকৃতি ও প্রতায় কোনটি? [১৩তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) ২০১৬]
ক) মহি+মা খ) মহৎ+ ইমন গ) মহা + ইমা ঘ) মহিম+আ উত্তর: খ

৬৩। 'নয়ন' শব্দটির সঠিক প্রত্যয় নির্ণয়- [১৩তম প্রভাষক নিবন্ধন (কলেজ)/সমপর্যায়) ২০১৬]
ক) নী + অন খ) নে + অন গ) নৌ + অন ঘ) নয়+ অ উত্তর: ক

৬৪। শৈশব'-এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [১২তম শিক্ষক নিবন্ধ ২০১৫]
ক) শিশু+ ষ্ণ খ) শিশু+ ষ্ণ্য গ) শিশু + শব ঘ) শৈ + শব উত্তর: ক

৬৫। কোন প্রত্যয়যুক্ত পদে মূর্ধন্য 'ষ' হয় না? [১২তম শিক্ষক নিবন্ধন 2015]
ক) সাৎ খ) সা গ) ষ্ণেয় ঘ) ষ্ণিক উত্তর: ক

ব্যখাঃ সংস্কৃত ‘সাৎ’ প্রত্যয়যুক্ত পদে ষ হয় না ।যেমন-অগ্নিসাৎ ধূলিসাৎ, ভূমিসাৎ ইত্যাদি।

৬৬। √(কাঁদ ) + অন- কোন প্রত্যয়ের অন্তর্ভুক্ত? [১২তম শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায়-২) ২০১৫]
ক) কৃৎপ্রত্যয় খ) তদ্ধিত প্রত্যয়
গ) সংস্কৃত তদ্ধিত প্রভার ঘ) বাংলা কৃৎ প্রত্যয় উত্তর: ঘ

৬৭। 'মুক্তি'- এর সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি?
ক) √মুচ্ + ক্তি খ) √মুচ্ + তি
গ) √মুক্ + ক্তি ঘ) √মুক্ + তি উত্তর: ক

৬৮। 'পাঠক' শব্দের যথার্থ প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [১২তম প্রভাষক নিবন্ধন ২০১৫]
ক) √পাঠ + অক খ) √পঠ + অক
গ) √পঠ + ঠক ঘ) √পঠ + টক উত্তর: খ

ব্যাখাঃ কর্তৃবাচ্য ধাতুর পরে 'অক' প্রত্যয় যোগ হয়ে √পঠ + অক = পাঠক শব্দটি গঠিত হয়েছে।

৬৯। 'বিকৃত' শব্দের প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর — [ প্রাক- প্রাথমিক সহকারী শিক্ষক (২২ জেলা) ১৬ অক্টোবর ২০১৫]
ক) বিকার + ইত খ) বি + কৃত
গ) বি+ √কৃ + ত ঘ) বিকৃ + ইত উত্তর: Note

Note: সঠিক প্রকৃতি ও প্রত্যয় হলো— বি + √কৃ+ত(ক্ত)।

৭০। শব্দ ও ধাতুর মূলকে বলে – [প্রাক প্রাথমিক সহকারী শিক্ষক (১৭ জেলা) ২৮ অক্টোবর ২০১৫]
ক) প্রকৃতি খ) ধাতু গ) বিভক্তি ঘ) কারক উত্তর: ক

৭১। 'ফোড়ন' শব্দটি গঠিত হয়েছে [পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিসটেন্ট ম্যানেজার ২০১৪]
ক) প্রত্যয়যোগে খ) সমাসযোগে গ) উপসর্গযোগে ঘ) সন্ধিযোগে উত্তর: ক

৭২। ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত করার উদ্দেশ্য কি? [প্রাক-প্রা. সহ শিক্ষক ২০১৪ (ডেলটা)]
ক) নতুন শব্দ গঠন খ) বাক্যে অলঙ্কার গ) শব্দের মিলন ঘ) ভাষা সংক্ষেপণ উত্তর: ক

৭৩। 'মুক্ত' শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (ফুল)/সমপর্যায়) ২০১৪]
ক) √মু + ক্ত খ) √মহ + ক্ত
গ) √মুচ + ক্ত ঘ) √মৃচ + ক্ত উত্তর:গ

৭৪। 'শ্রবণ' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [ ১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) ২০১৪]
ক) শ্রবণ + অ খ) √শ্রী + অন
গ) √শ্রু + অন ঘ) √শ্রব + ক্ত উত্তর:গ

৭৫। নিম্নের কোনটিতে বৃত্তি অর্থে 'ঈ' প্রত্যয় যুক্ত হয়েছে? [১১তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা (স্কুল/সমপর্যায় 2 ) 20১৪]
ক) জমিদারী খ) পোদ্দারী গ) উমেদারী ঘ) সরকারী উত্তর:খ

৭৬। উক্তি-এর সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি? (১১তম শিক্ষক নিবন্ধন (স্কুল/সমপর্যায় ২) ২০১৪
ক) √উক্ + তি খ) √উচ্ + ক্তি
গ) √বচ্ + ক্তি ঘ) √বচ্ + তি উত্তর:গ

৭৭। কোনটি সংস্কৃত তদ্ধিত প্রত্যয়ের উদাহরণ? [১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রতারন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) ২০১৪]
ক) মানব খ) পানীয় গ) জয় ঘ) স্মরণীয় উত্তর:ক

৭৮। প্রত্যয় কয় প্রকার? [বন অধিদপ্তরের বন প্রহরী ২০১৫]
ক) এক খ) দুই গ) তিন ঘ) চার উত্তর:খ

৭৯। কোনটি কৃৎ প্রত্যয়ের উদাহরণ? [১০ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৪]
ক) ঢাকা + ই খ) মিশ্ + উক গ) চোর +আ ঘ) সোনা + আলি উত্তর:খ

৮০। 'মেধাবী' শব্দটির সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [পরিবার পরিকল্পনা সহকারী/পরিবার পরিকল্পনা পরিদর্শক এবং পরিবার কল্যাণ সহকারী ২০১১]
ক) মেধা +বী খ) মেধা + ধীন গ) মেধা + ই উত্তর:খ

৮১। "ঢাকাই' শব্দটি কোনটি যোগে গঠিত? [Rupali Bank Ltd. Semior Officer (Financial Analyst) 2020]
ক) প্রত্যয় খ) সন্ধি গ) সমাস ঘ) উপসর্গ উত্তর:ক

ব্যাখ্যাঃ আই-প্রত্যয় যোগে গঠিত 'ঢাকাই' শব্দের প্রকৃতি ও প্রত্যয় ঢাকা + আই। এরূপ চড়া + আই = চড়াই, কানু + আইন = কানাই, বোন + আই = বোনাই, মিঠা + আই = মিঠাই ইত্যাদি।

৮২। যে শব্দকে বা কোনো শব্দের যে অংশকে আর কোনো ক্ষুদ্রতর অংশে ভাগ করা যায় না, তাকে কী বলে? [Janata Bank Ltd. Asst. Executive Officer 2019]
ক) সন্ধি খ) প্রকৃতি গ) প্রত্যয় ঘ) সমাস উত্তর: খ

৮৩। 'মেছো' শব্দের প্রকৃতি প্রত্যয় কি? [ Probashi Kallyan Bank Executive Officer (Cash) 2019]
ক) মাছ + ও খ) মাছ + উয়া> ও
গ) মাছি + উয়া> ও ঘ) মেছ + ও উত্তর: খ

ব্যাখ্যাঃ উয়া > ও প্রত্যয়যোগে গঠিত মেছো শব্দের সঠিক প্রকৃতি প্রত্যয় মাছ + উয়া = মাছুয়া > মেছো। এরূপ গাছ + উয়া = গাছুয়া > গেছো, গাঁ + উয়া = গাউয়া > গেঁয়ো।

৮৪। 'জেলে'-এর সঠিক প্রকৃতি প্রত্যয় কী? [Probashi Kallyan Bank Programmer 2019]
ক) জেল + এ খ) জাল + আ গ) জাল + ইয়া ঘ) জালা + এ উত্তর: গ

ব্যাখ্যাঃ বাংলা তদ্ধিত ইয়া' প্রত্যয় যোগে গঠিত জেলে শব্দের সঠিক প্রকৃতি প্রত্যয় জাল + ইয়া =জালিয়া > জেলে। এরূপ- কাপড় + ইয়া = কাপড়িয়া > কাপুড়ে, না + ইয়া = নাইয়া > নেয়ে

৮৫। ধাতুর পর কোন প্রত্যয়যুক্ত করে ভাববাচক বিশেষ্য বুঝায়? [5 Govt. Bank Officer (Cash) 2019]
ক) আই খ) আল গ) আন ঘ) আও উত্তর: ক

ব্যাখ্যাঃ ধাতুর পর আই-প্রত্যয় যুক্ত হয়ে ভাববাচক বিশেষ্য গঠিত হয়। যেমন বড় + আই = বড়াই, চড়া + আই = চড়াই।

৮৬। 'জাগরিত' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [ Sonali Bank Ltd. Oficer Cash (Freedom Fighter) 2019]
ক) √জাগৃ + ত খ) √জাগ + রিত
গ) √জাগ্ + ইত ঘ) কোনোটিই নয় উত্তর:ক

ব্যাখ্যাঃ জাগরিত শব্দটি সংস্কৃত কৃৎ প্রত্যয়জাত বিশ্লেষণ পদ। এর প্রকৃতি ও প্রতায় হলো √জাগৃ + ত। এর অর্থ- ঘুম থেকে জেগেছে এমন, জাগ্রত চেতনাপ্রাপ্ত।

৮৭। 'সাহচর্য' শব্দের শুদ্ধ গঠন কোনটি? [Sonali Bank Ltd. Oficer (Freedom Fighter) 2019]
ক) সাহ + চর + র্য
খ) সাহ + চর + য
গ) সাহচর + য
ঘ) কোনোটিই নয়
উত্তর: ঘ

ব্যাখ্যাঃ সাহচর্য শব্দটির গাঠনিক শুদ্ধরূপ হলো 'সহচর+য'।

৮৮। 'সাংস্কৃতিক' শব্দের '-ইক' প্রত্যয়টি যে শব্দশ্রেণিকে নির্দেশ করে - [Bangladesh Bank Oficer (General) 2019]
ক) বিশেষ্য
খ) বিশেষণ
গ) ক্রিয়াবিশেষণ
ঘ) ক্রিয়া
উত্তর:খ

ব্যাখ্যাঃ ইক' প্রত্যয় যোগে গঠিত 'সাংস্কৃতিক' শব্দটি বিশেষণ পদ। 'সাংস্কৃতিক' শব্দের প্রকৃতি-প্রতায় সংস্কৃতি + ইক। ইক' প্রত্যয় যোগে গঠিত আরও কয়েকটি বিশেষণ পদ- হেমন্ত + ইক = হৈমন্তিক, অকস্মাৎ + ইক = আকস্মিক, প্রত্যয় + ইক = প্রাত্যহিক।

৮৯। 'ছাপাখানা' শব্দের 'খানা' কোন্ ধরনের প্রত্যয়? | [Janata Bank Ltd. Executive Officer 2017]
ক) বাংলা কৃৎ
খ) বাংলা তদ্ধিত
গ) বিদেশি তদ্ধিত
ঘ) সংস্কৃত তদ্ধিত
উত্তর:গ

৯০। শব্দ ও ধাতুর মূলকে বলে – [ Bangladesh Rural Development (BRDB) Asst. Officer 2012]
ক) প্রকৃতি
খ) ধাতু
গ) বিভক্তি
ঘ) কারক
উত্তর:ক

৯১। প্রত্যয় যুক্ত হয় নিম্নের কোনটির সাথে? [জাবি 'B' ইউনিট (সেট B) ২০১৯-২০]
ক) ধাতু
খ) শব্দ
গ) ব্যাক্যাংশ
ঘ) কর্মপদ
উত্তর:ক

৯২। 'মানানসই' শব্দের 'সই' কোন ধরনের প্রত্যয়? [ঢাবি 'ঘ' ইউনিট ২০১৯-২০]
ক) বাংলা কৃৎপ্রত্যয়
খ) বাংলা তদ্ধিত প্রত্যয়
গ) সংস্কৃত তদ্ধিত প্রত্যয়
ঘ) বিদেশি প্রত্যয়
উত্তর:ঘ

৯৩। 'শ্রব্য' শব্দের প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করো— [জাবি আই ইউনিট (সেট-বি) ২০১৯-২০]
ক) শ্রু + ব
খ) শ্র + য
গ) শ্রু + য
ঘ) শ্র + ব
উত্তর:গ

৯৪। প্রত্যয়ের কাজ কী? [চবি B ইউনিট (সেট-২) ২০১৯-২০]
ক) বাক্যস্থিত শব্দে অন্বয় স্থাপন
খ) নতুন শব্দ গঠন
গ) সমস্যমান পদ নির্ণয়
ঘ) উচ্চারণ শ্রুতিমধুর করা
উত্তর:খ

৯৫। প্রত্যয় ও বিভক্তিহীন নামপদকে কী বলে? [ঢাবি ঘ ইউনিট (পুনঃগৃহীত) ২০১৮-১৯]
ক) ধাতু
খ) প্রতিনাম
গ) প্রাতিপদিক
ঘ) কৃদন্ত
উত্তর: গ

ব্যাখ্যাঃ প্রত্যয় ও বিভক্তিহীন নাম পদকে বলা হয় প্রাতিপদিক। যেমন— হাত, বই, কলম ইত্যাদি ।

৯৬। 'রাজকীয়' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় হলো— [ঢাবি চ ইউনিট ২০১৮-30]
ক) রাজ + কীয়
খ) রাজ + নীয়
গ) রাজন্ + ঈয়
ঘ) রাজক্ + ঈয়
উত্তর: গ

৯৭। গুণ বৃদ্ধি, সম্প্রসারণ যারা কোনটির প্রকাশ পায়? [জাবি 'এফ' ইউনিট ২০১৮-১৯]
ক) অপশ্রুতি
খ) ধ্বনি পরিবর্তন
গ) অভিশ্রুতি
ঘ) b ও c উভয়ই
উত্তর: ক

৯৮। 'প্রাচুর্য' শব্দের প্রকৃতি-প্রত্যয় কোনটি? [রবি 'এ' ইউনিট (গ্রুপ-১) ২018-19]
ক) প্রা + চুর্য
খ) প্রচুর + য
গ) প্রাচুর + য্য
ঘ) প্রচুর + য্য
উত্তর:খ

৯৯। কোনটি বিদেশি তদ্ধিত প্রত্যয় বা শব্দ প্রত্যয়ের উদাহরণ নয়? [চবি 'বি' ইউনিট (সকাল) ২০১৮-১৯]
ক) কারখানা খ) দোকানদার গ) জমকালো ঘ) আতরদান উত্তর: গ

১০০। সংগতিপূর্ণ প্রত্যয়ের জোড় কোনটি? [চবি 'ডি' ইউনিট (সকাল) ২০১৮-১৯]
ক) রাখাল, দোকানদার খ) চলন্ত, জেলে
গ) নিভন্ত, পাঠক ঘ) ঘরোয়া, কাটতি উত্তর: গ

১০১। ঈ-প্রত্যয়যোগে গঠিত স্ত্রীলিঙ্গ কোনটি? [চবি 'বি' ইউনিট সেট : 'এ' ২০১৮-১৯]
ক) জেলেনী খ) বেদেনী গ) বাঘিনী ঘ) সতী উত্তর: ঘ

১০২। 'শ্রবণ' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [খুবি 'বি' ইউনিট সেট : 'এ' ২০১৮-১৯]
ক) √শ্রু + অনট খ) √শ্রু + অন গ) √শ্রুব + অনট ঘ) √শ্রব + অন উত্তর:খ

১০৩। 'বুদ্ধি' শব্দের প্রকৃতি-প্রত্যয় কোনটি? [ইবি 'বি' (প্রথম সিট) ইউনিট ২০১৮-১৯]
ক) বুধ্ + ক্তি খ) বুধ + ধি গ) বুৎ + ধি ঘ) বুধ্ + ই উত্তর:ক

১০৪। 'টেকসই' শব্দে 'সই' কোন ধরনের প্রত্যয়? [ কুবি 'বি' ইউনিট ২০১৮-১৯]
ক) বিদেশি তদ্ধিত খ) সংস্কৃত কৃৎ গ) বাংলা কৃৎ ঘ) সংস্কৃত তদ্ধিত উত্তর:ক

১০৫। কোনটি কৃৎ প্রত্যয়? [মাভাবিপ্রবি 'ডি' ইউনিট ২০১৮-১৯]
ক) ঢাকা + আই খ) রাখ্ + আল গ) জাল + উয়া ঘ) ইরান + ই উত্তর:খ

১০৬। বাংলা ভাষায় 'ত্ব' যে ধরনের ব্যাকরণিক উপাদান — [তাবি খ ইউনিট ২০১৭-১৮]
ক) উপসর্গ খ) ফলা গ) প্রত্যয় ঘ) বিশেষণ উত্তর:গ

১০৭। প্রত্যয়ঘটিত অশুদ্ধ শব্দের দৃষ্টান্ত হলো— [ঢাবি খ ইউনিট ২০১৭-১৮]
ক) পুরস্কার খ) অর্ধরাত্রি গ) প্রতিদ্বন্দ্বীতা ঘ) স্টেডিয়াম উত্তর:গ

১০৮। 'বাক্য'-এর প্রকৃতি-প্রত্যয় কোনটি? [ঢাবি গ ইউনিট ২০১৭-১৮]
ক) √বাক + ত খ) √বচ্ + য
গ) √বাক্ + য ঘ) √বাচ্ + য উত্তর:খ

১০৯। কোনটি প্রত্যয়ান্ত শব্দ? [ঢাবি ঘ ইউনিট ২০১৭-১৮]
ক) লামা খ) জামা গ) গামা ঘ) হেমা উত্তর:ঘ

১১০। 'শহুরে' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি? [জবি A ইউনিট ২০১৭-১৮]
ক) শহর + ইয়া খ) শহুর + এ গ) শহর + উয়া ঘ) শহর + উরে উত্তর:ক

১১১। 'ছিন্ন' শব্দের প্রকৃতি-প্রত্যয়— [জবি B ইউনিট ২০১৭-১৮]
ক) √ ছিদ + ন খ) √ ছিন্ + ন
গ) √ ছি + অন্ন ঘ) √ ছিচ্ + ন উত্তর: Note

[Note: সঠিক উত্তর √ ছিদ্ + ত

১১২। 'ক্রেতা' শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [জাবি B ইউনিট ২০১৭-১৮]
ক) ক্রে + তা খ) ক্রি+তা গ) √ ক্রী + তৃ ঘ) ক্রী + তা উত্তর: গ

১১৩। 'কাব্য'-এর সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [জাবি C ইউনিট ২০১৭-১৮]
ক) কবি + অ খ) কবি + য গ) কবিতা + অ ঘ) কবিতা + য উত্তর: খ

১১৪। কোনটি কৃৎ প্রত্যয়সাধিত শব্দ? [চবি 'এ' ইউনিট ২০১৭-১৮]
ক) রাখাল খ) জেলে গ) ঢাকাই ঘ) পড়ন্ত উত্তর: ঘ

১১৫। 'সাহিত্য' শব্দটির সঠিক প্রকৃতি ও প্রত্যয় [চবি 'বি' ইউনিট ২০১৭-১৮]
ক) সাহি + ত্য খ) সহিত + য গ) সাহিত্য + অ ঘ) সাহিত + ষ্ণ উত্তর: খ

১১৬। তদ্বিত প্রত্যয়ের উদাহরণ কোনটি? [চবি 'ডি' ইউনিট ২০১৭-১৮]
ক) ঘরোয়া, দৈনিক খ) জলন্ত, নিভন্ত গ) চলন, গমন ঘ) নাচন, পড়ন্ত উত্তর: ক

১১৭। 'সৈনিক' শব্দের প্রকৃতি নির্ণয় কর। [রাবি A ইউনিট ২০১৭-১৮]
ক) সেনা + য়িক খ) সৈন্য + ইক
গ) সেনা + ইক ঘ) সৈন্য + য়িক উত্তর: গ

১১৮। 'কৌশিক' শব্দটির প্রকৃতি ও প্রতায় - [রাবি D ইউনিট ২০১৭-১৮]
ক) কৌ+শিক খ) কুশ + ইক
গ) কুশ + ঈক ঘ) কৌ + শীক উত্তর: খ

১১৯। 'পানীয়'-এর প্রকৃতি ও প্রত্যয়- [রাবি ইউনিট ২০১৭-১৮]
ক) পানি + ইয় খ) পান + ইয় গ) পা + অনীয় ঘ) পা + নীয় উত্তর: গ